

এইম্‌স ফার্স্ট গ্যারান্টিড মিউচুয়াল ফান্ড

ডিভিডেন্ড এবং রাইট এন্টাইটেলমেন্ট বিতরণ

এইম্‌স ফার্স্ট গ্যারান্টিড মিউচুয়াল ফান্ড এর ডিভিডেন্ড ওয়ারেন্ট এবং রাইট এন্টাইটেলমেন্ট সার্টিফিকেট ও আবেদনপত্র আগামী ২৬শে ডিসেম্বর ২০১০ থেকে ৩০শে ডিসেম্বর ২০১০ পর্যন্ত ইউনিক ট্রেড সেন্টার (ইউটিসি), লেভেল ৫, ৮ পাছপথ (বসুন্ধরা সিটি শপিং মলের পাশে), কাওরান বাজার, ঢাকা-১২১৫ এ অবস্থিত ইউনিক কনভেনশন সেন্টারে সকাল ৯:৩০ থেকে বিকাল ৫:৩০ পর্যন্ত বিলি করা হবে। অবিলম্বে ওয়ারেন্ট এবং রাইট এন্টাইটেলমেন্ট সার্টিফিকেট ও আবেদনপত্র ৩০ শে ডিসেম্বর ২০১০ এর পর শেয়ারহোল্ডারদের রেজিস্টার্ড ঠিকানায় নিজ দায়-দায়িত্বে কুরিয়ারের মাধ্যমে পাঠানো হবে।

রাইট এন্টাইটেলমেন্ট এর নিয়মাবলী:

১) ২৫ শে নভেম্বর ২০১০ তারিখের রেকর্ড ভেট অনুযায়ী ইউনিটধারীগণ ১৩০% এন্টাইটেলমেন্ট পাওয়ার যোগ্য, যা প্রতিটি ইউনিট টাকা ৭.৬০ হারে ক্রয় করা যাবে। ইউনিটধারীগণ তাদের প্রাপ্য ইউনিট ছাড়াও অধিক সংখ্যক আবেদন করতে পারবেন।

২) সকল আবেদনপত্র “ এইম্‌স ফার্স্ট গ্যারান্টিড মিউচুয়াল ফান্ড ” এর পক্ষে নগদ অথবা ক্রেস চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে এসটিডি হিসাব নম্বর-৩১০১২২৮৩৯৯০০১, দি সিটি ব্যাংক লিমিটেড, কাওরান বাজার শাখা, ঢাকা অত্র ব্যাংকের দেশব্যাপী সকল শাখার যে কোনটিতে ২৬শে ডিসেম্বর ২০১০ থেকে ২০শে জানুয়ারী, ২০১১ এ সময়ের মধ্যে জমা দেয়া যাবে।

৩) সকল ক্ষেত্রে ব্যাংক জমার মূল রসিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে আবেদনকারী স্বয়ং বা কোন প্রতিনিধি অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে এইম্‌স অব বাংলাদেশ লিমিটেড, ইউনিক ট্রেড সেন্টার (ইউটিসি) লেভেল ৬, ৮ পাছপথ, কাওরান বাজার ঢাকা-১২১৫ এই ঠিকানায় ২৬শে ডিসেম্বর ২০১০ থেকে ২০শে জানুয়ারী, ২০১১ এ সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

৪) যদি কোন আবেদনকারী ব্যাংকে অর্থ জমা দিতে অসমর্থ হন সে ক্ষেত্রে তিনি আবেদন পত্র পূরণ করে “ এইম্‌স ফার্স্ট গ্যারান্টিড মিউচুয়াল ফান্ড ” এর পক্ষে ঢাকা শহরের কোন ব্যাংক শাখা হতে প্রদেয় ক্রেস চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহ কোন ব্যক্তি বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে এইম্‌স অব বাংলাদেশ লিমিটেড, ইউনিক ট্রেড সেন্টার (ইউটিসি) লেভেল ৬, ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ এই ঠিকানায় ২৬শে ডিসেম্বর ২০১০ থেকে ২০শে জানুয়ারী, ২০১১ এ সময়ের মধ্যে পৌঁছানোর ব্যবস্থা নেবেন।

৫) এন্টাইটেলমেন্ট সার্টিফিকেট অথবা আবেদনপত্র সংগ্রহে ব্যর্থ ইউনিটধারীগণ এইম্‌স অব বাংলাদেশ লিমিটেড এর কার্যালয় অথবা ওয়েবসাইট থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন (www.aims-bangladesh.com)।

এইম্‌স অব বাংলাদেশ লিমিটেড